

সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২৯৮৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২৮৫]

১৬। হজ্জ (جما بانك)

পরিচ্ছেদঃ ৪৬. 'আরাফাহ দিবসে মিনা থেকে 'আরাফাতে যাবার পথে তালবিয়াহ ও তাকবীর পাঠ করার বর্ণনা

আরবী

وَحَدَّتَنِي سُرَيْجُ بْنُ يُونُسَ، حَدَّتَنَا عَبْدُ اللَّهِ بْنُ رَجَاءٍ، عَنْ مُوسَى بْنِ عُقْبَةَ، حَدَّتَنِي مُحَمَّدُ بِنُ أَبِي بَكْرٍ، قَالَ قُلْتُ لأَنسِ بْنِ مَالِكٍ غَدَاةَ عَرَفَةَ مَا تَقُولُ فِي التَّلْبِيَةِ هَذَا الْيَوْمَ قَالَ سِرْتُ هَذَا الْمُسَيِرَ مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم وَأَصْحَابِهِ فَمِنَّا الْمُكَبِّرُ وَمِنَّا الْمُهَلِّلُ وَلاَ يَعِيبُ أَحَدُنَا عَلَى صَاحِبِهِ .

বাংলা

২৯৮৯-(২৭৫/...) সুরায়জ ইবনু ইউনুস (রহঃ) মুহাম্মাদ ইবনু আবূ বকর (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আরাফাহ দিবসের সকালবেলা আনাস ইবনু মালিক (রাযিঃ) কে জিজ্ঞেস করলাম, এ দিন আপনারা তালবিয়ার ক্ষেত্রে কী বলতেন? তিনি বললেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে আমি ও তার সাহাবীগণ এ পথ ভ্রমণ করেছি। আমাদের কতক 'আল্লা-হু আকবার ধ্বনি উচ্চারণ করেছে এবং কতক তালবিয়াহ্ (লাব্বায়কা আল্লা-হুম্মা লাব্বায়কা) উচ্চারণ করেছে। এতে আমাদের কেউ কারো দোষ ধরেনি। (ইসলামিক ফাউন্ডেশন ২৯৬৪, ইসলামীক সেন্টার ২৯৬২)

English

Muhammad b. Abu Bakr reported:

I said to Anas b. Malik in the morning of 'Arafa: What do you say as to pronouncing Talbiya on this day? He said: I travelled with Allah's Apostle (may peace he upon him) and his Companions in this journey. Some of us pronounced Takbir and some of us pronounced Tahlil, and none of us found fault with his companion.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মুহাম্মাদ ইবনু আবূ বাকর সাকাফী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন